



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



মুজিব
মন্তব্য

শ্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫৩.২০২২/১৮০ ষ্ট/১৮

তারিখ : ২৫/০৯/২০২৩ খ্রি.

বিষয়ঃ- সহকারী অধ্যাপক পদের ইনক্রিমেন্ট সহ সকল বকেয়া বেতন, স্টাদ বোনাস ও বৈশাখী ভাতা প্রাপ্তির প্রসঙ্গে।

স্মৃতি : ১। কলেজ অধ্যক্ষের শ্মারক নং : ২০২৩/১০৭; তারিখ: ০৩/০৮/২০২৩খ্রি।

২। রিট পিটিশন নং- ৩৭২৩/২০১৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য সুপ্রিম কোর্টের অ্যাপিলেট ডিভিশনে লিভ টু আপিল নং ৪৬৭৪/২০১৭ রায়ের আদেশের ভিত্তিতে সহকারী অধ্যাপক পদের ক্ষেত্রে ৪৫,৩৩০/- টাকা ব্যাসিক (Basic) অভর্তকরন এবং ২৩/১২/২০১০ইং তারিখ থেকে ৩১/০৩/২০২৩ ইং তারিখ পর্যন্ত সহকারী অধ্যাপক পদের ইনক্রিমেন্ট সহ সকল বকেয়া বেতন, স্টাদ বোনাস ও বৈশাখী ভাতা প্রাপ্তির জন্য অধ্যক্ষ মাউশি অধিদপ্তরে আবেদন করেন।

বর্ণিত বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে মতামতের জন্য নথি মাউশি অধিদপ্তরের আইন শাখায় প্রেরণ করা হয়। আইন শাখা নিম্নরূপ মতামত প্রদান করেন: রাজশাহী জেলার পুঁথিয়া উপজেলাধীন শহীদ নাদের আলী বালিকা বিদ্যালয় ও কলেজ -এর সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা) জনাব মো: ইনামুল হক এর ৮াহিত বকেয়ার বিষয়ে অন্ত অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টা আইনগত মতামত প্রদান করেন।

মতামতের বর্ণনা নিম্নরূপঃ রাজশাহী জেলার পুঁথিয়া উপজেলাধীন শহীদ নাদের আলী বালিকা বিদ্যালয় ও কলেজ-এর সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা) জনাব মো: ইনামুল হক, সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা) এর ক্ষেল প্রদান না করায় তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৩৭২৩/২০১৩ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগে প্রথম বিবাদীগণের বিরুদ্ধে বুল জারি করেন এবং পরবর্তীতে শুনানী শেয়ে রিট পিটিশনের বুল খারিজ করে রায় আদেশ প্রদান করেন।

হাইকোর্ট বিভাগের রায় ও আদেশের বিরুদ্ধে জনাব মো: ইনামুল হক সুপ্রীম কোর্টের আগীল বিভাগে আপিল নং-৪৬৭৪/২০১৭ দায়ের করেন। উক্ত আগীল মামলা শুনানী শেয়ে হাইকোর্টের রায় ও আদেশ বাতিল করেন এবং পিটিশনারের সহকারী অধ্যাপকের ক্ষেল প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্দেশ দেন। আগীল বিভাগের নির্দেশ মোতাবেক পিটিশনারকে সহকারী অধ্যাপকের ক্ষেল প্রদান করা হয়েছে এবং আগীল বিভাগের রায় ও আদেশ বাস্তবায়ন করা হয়েছে। এখন জনাব মো: ইনামুল হক সহকারী অধ্যাপক হিসেবে বকেয়া বেতন ১৫০০ তার দাবী করেন। যেহেতু জনাব মো: ইনামুল হক-কে জানুয়ারী/২০ এ সহকারী অধ্যাপকের ক্ষেল প্রদান করা হয়েছে সেহেতু সহকারী অধ্যাপক পদে বকেয়া পাওয়ার কোন কারণ নেই, তিনি বকেয়া পাবেন না। এই অবস্থায় বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত হলো:- It is opined that Md. Enamul Haque, (Index No. 838067) Assistant Professor Dept. of management of Shahid Nader Ali Girls School and College, Puthia, Rajshahi cannot be given any kind of arrear as he is enjoying the financial benefit of A/P Scale from the month of January 2023. He cannot get any arrear at all as he has no such entitlement.

এমতাবস্থায়, যেহেতু জনাব মো: ইনামুল হক-কে জানুয়ারী/২০২৩ এ সহকারী অধ্যাপকের ক্ষেল প্রদান করা হয়েছে সেহেতু সহকারী অধ্যাপক পদে বকেয়া পাওয়ার কোন সুযোগ নেই মর্মে অবহিত করা হলো।

অক্টোবর ২০২৩

(তপন কুমার দাস)
সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

১। অধ্যক্ষ, শহীদ নাদের আলী বালিকা বিদ্যালয় ও কলেজ, পুঁথিয়া, রাজশাহী।

অক্টোবর ২০২৩

অনুলিপি: সদয় অবগতি ও কার্যালয়ে (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নথি)

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;

২। সভাপতি, পরিচালনা পরিষদ, শহীদ নাদের আলী বালিকা বিদ্যালয় ও কলেজ, পুঁথিয়া, রাজশাহী।

৩। জনাব মো: ইনামুল হক, সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা), শহীদ নাদের আলী বালিকা বিদ্যালয় ও কলেজ, পুঁথিয়া, রাজশাহী।

৪। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী (প্রতিটি সংশ্লিষ্ট ব্যক্তি বা অতিথানে পৌছানোর অনুরোধসহ)।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস, মাউশি অধিদপ্তর (প্রতিটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫। সংরক্ষণ নথি।